

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
“গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার
দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd
E-mail:-ddmbridge@gmail.com

স্মারকনং- ৫১.০১.০০০০.০৪১.১৪.১৯.১৭ / ১০৫৫

তারিখঃ- ০১/০৭/২০১৮খ্রিঃ।

বিষয়: “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্পের আওতায় ২০১৭-২০১৮ অর্থ বছরের দরপত্র
আহবানকৃত সেতু/কালভার্ট সমূহের দ্রুত কার্যাদেশ প্রদান ও সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, “গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের সেতু/কালভার্ট নির্মাণ” শীর্ষক
প্রকল্পের আওতায় চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরে গৃহীত সেতু/কালভার্ট প্রকল্প সমূহের কাজ বাস্তবায়নের লক্ষ্যে গত ০৮/০৫/২০১৮ ইং
তারিখে ২৭০৮নং স্মারকে দরপত্র আহবান করা হয় এবং ১১/০৬/২০১৮ ইং তারিখে সারাদেশে একযোগে দরপত্র গ্রহণ এবং উন্মুক্ত করা
হয়।

২। উপজেলা কর্তৃপক্ষ ঠিকাদার নিয়োগ করতঃ কার্যাদেশ প্রদান পূর্বক কার্যাদেশের অনুলিপি ও তুলনামূলক দরবিবরণী দুর্যোগ
ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করবেন মর্মে বাস্তবায়ন পরিপত্রের উল্লেখ রয়েছে। উক্ত কার্যাদেশের অনুলিপি ও তুলনামূলক বিবরণী প্রাপ্তির
পর উপজেলার অনুকূলে অর্থ ছাড় করণের ব্যবস্থা গ্রহণের বিষয়টিও পরিপত্রে উল্লেখিত। এ ছাড়া দরপত্র খোলার ০৭(সাত) দিনের মধ্যে
ঠিকাদার নিয়োগ সম্পন্ন করে পরবর্তী ১৫(পনেরা)দিনের মধ্যে প্রকল্পের নির্মাণ কাজ শুরু করতে হবে মর্মে প্রকল্প অনুমোদন পত্রেই বলা
হয়েছিল। দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও কার্যাদেশ প্রদানের অনুলিপি ও তুলনামূলক বিবরণী অদ্যাবধি না পাওয়ায় পরবর্তী কার্যক্রম গ্রহণ
ব্যাহত হচ্ছে। এমনকি প্রকল্পের নির্মাণ কাজ শুরুর বিষয়ে কি ব্যবস্থা নেয়া হয়েছে, তাও জানা যাচ্ছে না।

৩। বিষয়টির গুরুত্ব অনুধাবন করতঃ জরুরী ভিত্তিতে কার্যাদেশ প্রদানের অনুলিপি, তুলনামূলক বিবরণী ও সিডিউল বিক্রয় লক্ক অর্থ
জমাদানের চালানের কপি আগামী ০৮/০৭/২০১৮ ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণসহ প্রকল্পের কাজ শুরুর বিষয়ে গৃহীত
ব্যবস্থা সম্পর্কে জানানোর জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী

প্রাপক,

০১। উপজেলা নির্বাহী অফিসার

উপজেলা.....

জেলা:.....

০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

উপজেলা:.....

জেলা:.....

স্মারকনং- ৫১.০১.০০০০.০৪১.১৪.১৯.১৭ / ১০৫৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত:

০১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৩। জেলা প্রশাসক.....।

০৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত:

০১। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েব সাইতে প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,

৬। জনাব..... উপ-প্রকল্প পরিচালক/উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকল্প পরিচালক/সহকারী প্রকৌশলী
ও দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলী, সেতু/কালভার্ট প্রকল্প, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (তৌকে অত্র পত্রটি তাঁর আওতাধীন উপজেলা সমূহে
প্রেরণ নিশ্চিতকরণ ও ০৮/০৭/২০১৮ ইং তারিখের মধ্যে কার্যাদেশ সহ সংশ্লিষ্ট কাগজ পত্র সংহের ব্যবস্থা নিতে বলা হলো)।

৭। সংরক্ষণ নথি।

(সওদাগর মুস্তাফিজুর রহমান)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
“গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের
সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

তারিখঃ- ০১/০৭/২০১৮খ্রিঃ।

প্রকল্প পরিচালক

“গ্রামীণ রাস্তায় কম-বেশী ১৫ মিটার দৈর্ঘ্যের
সেতু/কালভার্ট নির্মাণ” প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।